



পাকিস্তানের সঙ্গে সম্পর্ক স্বাভাবিক করার পথে বাংলাদেশ: পররাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন জানিয়েছেন, পাকিস্তানের সঙ্গে বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্ক ধীরে ধীরে স্থিতিশীল ও স্বাভাবিক ধারায় ফিরছে।

বুধবার (১৪ জানুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি বলেন, গত এক বছরে দুই দেশের যোগাযোগ ও বোঝাপড়ায় উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। সৌদি আরবের জেদ্দায় পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দারের সঙ্গে সাম্প্রতিক বৈঠক প্রসঙ্গে তৌহিদ হোসেন জানান, ঢাকা ও ইসলামাবাদ সম্পর্ক উন্নয়নের দিকে এগোচ্ছে। তাঁর ভাষায়, স্বাভাবিক কূটনৈতিক সম্পর্ক গড়ে তোলাই এখন মূল লক্ষ্য। এ ক্ষেত্রে আরও কিছু উদ্যোগ নেওয়া হচ্ছে, যেগুলোর অগ্রগতি হলে তা গণমাধ্যমকে জানানো হবে। তিনি আরও জানান, গত সপ্তাহে দুই দফা টেলিফোনে কথা বলার পর চলতি সপ্তাহের রোববার জেদ্দায় ইসহাক দারের সঙ্গে তাঁর সরাসরি বৈঠক হয়। এসব যোগাযোগের মধ্য দিয়ে দুই দেশের সম্পর্কে আরও কার্যকর ও সহযোগিতামূলক পর্যায়ে নেওয়ার চেষ্টা চলছে।